

# রাকসুর প্রধান নির্বাচন কমিশনারের পদত্যাগ

নিজস্ব সংবাদদাতা, রাবি

প্রকাশিত: ২০:১৫, ২৩ আগস্ট ২০২৫



ছবি: দৈনিক জনকঞ্চ।

রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু), হল সংসদ ও সিনেট ছাত্র প্রতিনিধি নির্বাচনের প্রধান কমিশনার অধ্যাপক আমজাদ হোসেন আজ পদত্যাগ করেছেন। আজ (২৩ আগস্ট) শনিবার বিকেলে তিনি এ বিষয়টি নিশ্চিত করেন। গত ২০ আগস্ট তিনি সরকারি কর্ম কমিশনের (পিএসসি) সদস্য হিসেবে নিয়োগ পান। মূলত এ জন্যই দ্বায়িত্ব থেকে অব্যাহতি নেন তিনি।

এ বিষয়ে অধ্যাপক আমজাদ হোসেন বলেন, '২০ তারিখের পর থেকেই  
আমি দায়িত্বে নেই। পিএসসি থেকে প্রজ্ঞাপনের পরই আমাকে রাকসু  
কেন্দ্রিক কাজকর্ম না করতে বলা হয়েছে। এখন রাকসু বিষয়ে আমি  
কোনো কথা বলতে পারছি না।'

×

উপাচার্য অধ্যাপক সালেহ নকীব বলেন, আজ সন্ধ্যায় নির্বাচন কমিশনের সদস্যদের  
সাথে আলোচনায় করে নিয়মের মধ্যে কি করা যায় দেখবো।